

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৮.০০৯.২২.১৭৪০

তারিখ: ২৮ কার্তিক ১৪২৯
১৩ নভেম্বর ২০২২

বিষয় : জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্যবৃন্দের শপথ গ্রহণ অনুষ্ঠানে যোগদানের জন্য সকলের কোভিড-১৯ রিপোর্ট
ডাউনলোড করে সমন্বিত রিপোর্ট সংগ্রহ।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, শেরেবাংলা নগর, ঢাকায় জেলা পরিষদের নির্বাচিত চেয়ারম্যান ও সদস্যবৃন্দের শপথ গ্রহণ অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে গত ১২ নভেম্বর ২০২২ তারিখ, শনিবার, ঢাকার কাকরাইলস্থ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রধান কার্যালয়ে নির্বাচিত চেয়ারম্যান, সদস্য ও প্রধান নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তার কোভিড-১৯ পরীক্ষার জন্য নমুনা সংগ্রহ করা হয়।

২। প্রত্যেকের কোভিড-১৯ পরীক্ষার রিপোর্ট স্বাস্থ্য অধিদপ্তরের '<https://covid19reports.dghs.gov.bd>' শীর্ষক ওয়েব পেইজ হতে ডাউনলোডপূর্বক সমন্বিত করে নিম্নস্বাক্ষরকারীর ই-মেইলে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, কোভিড-১৯ পরীক্ষার রিপোর্ট ডাউনলোড করার জন্য নমুনা প্রদানকারী প্রত্যেকের মোবাইল নম্বর এন্ট্রি করে প্রাপ্ত OTP দাখিল (submit) করতে হবে।

৩। উল্লেখ্য, গত ১২ নভেম্বর ২০২২ তারিখে কারও পক্ষে কোভিড-১৯ পরীক্ষায় নমুনা প্রদান সম্ভব না হয়ে থাকলে, তাঁদেরকে নিজ দায়িত্বে স্থানীয় কোন সরকারি/ সরকার স্বীকৃত হাসপাতাল/ ডায়াগনস্টিক সেন্টার হতে আজকের মধ্যে কোভিড-১৯ পরীক্ষা করে রিপোর্ট সংগ্রহ করতে হবে।

৪। চেয়ারম্যান ও সদস্যবৃন্দের শপথ গ্রহণ অনুষ্ঠানে আমন্ত্রিত সকলকে কোভিড-১৯ পরীক্ষার রিপোর্ট সঙ্গে নিয়ে অনুষ্ঠানস্থলে প্রবেশ করতে হবে এবং প্রবেশের সময় প্রদর্শন করতে হবে।

৫। বিষয়টি অতীব জরুরি।


এস এম নজরুল ইসলাম
উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email:lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা

..... জেলা পরিষদ (সকল)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।